তারিখ 21 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক
আমাদের সময়

# শিল্পপতির উদ্যোগে বেতন পাচ্ছেন ৪৩৩ শিক্ষক-কর্মচারী

আজিজুর রহমান, চৌগাছা • যশোরের চৌগাছায় এক শিল্পপতির উদ্যোগে বেতন পাচ্ছেন ২৮টি নন-এমপিও স্কুল, কলেজ ও মাদ্রাসার ৩০৮ শিক্ষক-কর্মচারী। এ ছাড়াও ১০৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১২৫ শিক্ষককে বেতন দিয়ে শিক্ষা ক্ষেত্রে ব্যাপক অবদান রেখে চলেছেন ডিভাইন গ্রুপ নামের শিল্প প্রতিষ্ঠানটির কর্ণধার হাসানুজ্জামান রাহীন।

জানা যায়, প্রাথমিক বিদ্যালয়ের ১২৫ শিক্ষকের ৪৫ জনকে ৪ হাজার টাকা করে, ৪২ জনকে ৪ হাজার ৫০০ টাকা করে এবং ৩৯ জনকে ৫ হাজার ৫০০ টাকা করে বেতন ছাড়াও ৪০ টাকা করে টিফিন ফি দেওয়া হয়। এসব শিক্ষক সরকারি শিক্ষকদের সহায়ক শিক্ষক হিসেবে পাঠদানের পাশাপাশি সংশ্লিষ্ট বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ায় 'হোম ভিজিট' পরিচালনা করেন। এর মাধ্যমে এলাকার দরিদ্র শিক্ষার্থীদের তথ্য নিয়ে তাদের শিক্ষা উপকরণ (বাংলা, ইংরেজি, অঙ্ক খাতা ও সাদা কাগজ) দেওয়া হয়। প্রতিবছর দুই কিস্তিতে স্কুলপ্রতি ৫ হাজার ৫০০ টাকার শিক্ষা উপকরণ এই ১০৫ স্কুলের শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়। চলতি বছর স্কুলগুলোর ১৮ হাজার ৭১৫ শিক্ষার্থীর মধ্যে ২ কিস্তিতে ৪ লাখ ৮৯ হাজার ৭৮০ টাকার শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

২০১৪ সাল থেকে উপজেলার নন-এমপিও ৬টি কলেজের শিক্ষক-কর্মচারীদের সম্মানী দেওয়ার সিদ্ধান্ত নেন ডিভাইন গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক হাসানুজ্জামান রাহীন। উপজেলার পাশাপোল আম-জামতলা মডেল কলেজের ৩২, জেসিবি আদর্শ কলেজের ২১, হাকিমপুর মহিলা কলেজের ২২, জেএমএসকে কলেজের ১৮, এসএম হাবিবুর রহমান পৌর কলেজের ২৬ ও তরিকুল ইসলাম পৌর কলেজের ২৩

এরপর পৃষ্ঠা ৯ কলাম ৫

## শিল্পপতির উদ্যোগে বেতন পাচ্ছেন

(৩ এর পৃষ্ঠার পর) শিক্ষক-কর্মচারীকে বেতন দিচ্ছে ডিভাইন গ্রুপ। এসব কলেজের অধ্যক্ষদের সাড়ে ছয় হাজার, প্রভাষকদের সাড়ে পাঁচ হাজার, অফিস সহকারীদের চার হাজার ও অফিস সহায়কদের (পিওন) আড়াই হাজার টাকা করে সম্মানী দেওয়া হয়। ২০১৫ সাল থেকে উপজেলার নন-এমপিও ২২টি স্কুল-মাদ্রাসার সব পর্যায়ের শিক্ষক-কর্মচারীকে ডিভাইন এডুকেশনের আওতায় বেতন দেওয়া হচ্ছে।